শুষ্কতাপের দৈত্যপুরে দ্বার ভাঙবে ব'লে,
রাজপুত্র, কোথা হতে হঠাৎ এলে চলে ॥
সাত-সমুদ্র-পারের থেকে     বজ্রস্বরে এলে হেঁকে,
দুন্দুভি যে উঠল বেজে বিষম কলরোলে ॥
বীরের পদপরশ পেয়ে মূর্ছা হতে জাগে,
বসুন্ধরার তপ্ত প্রাণে বিপুল পুলক লাগে।
মরকতমণির থালা     সাজিয়ে গাঁথে বরণমালা,
উতলা তার হিয়া আজি সজল হাওয়ায় দোলে ॥

---